

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬১

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৪৬. মুক্ত দাস-দাসীর (যাকে মালিক বললো: 'তুমি মুক্ত'- আমি বা অন্য কেউ তোমার মালিক নই) মীরাছ সম্পর্কে

باب مِيرَاثِ السَّائِبَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدٍ بْنُ عَمْرٍو عَنْ أَبِي بَكْرٍ بْنِ أَبِي مَرْيَمَ عَنْ ضَمْرَةَ وَرَاشِدِ بْنِ سَعْدٍ وَغَيْرِهِمَا قَالُوا فِيمَنْ أُعْتِقَ سَائِبَةٌ إِنْ وَّلَّاهُ لِمَنْ أُعْتِقَهُ إِنَّمَا سَيِّبُهُ مِنَ الرِّقِّ وَلَمْ يُسَيِّبْهُ مِنَ الْوَلَاءِ

বাংলা

৩১৬১. আবী বাকর ইবনু আবী মারিয়াম হতে বর্ণিত, যাকে সাযিবাহ হিসেবে মুক্তি দান করা হয়েছে, এমন মুক্ত দাস সম্পর্কে যামরাহ, রাশিদ ইবনু সা'দ ও অন্যান্যরা বলেন, যে তাকে মুক্ত করেছে, সে-ই তার অভিভাবকত্ব লাভ করবে। সে দাসত্ব হতে তাকে মুক্তি দিয়েছে কিন্তু মালিকানা (অভিভাবকত্ব) হতে তাকে মুক্তি দেয়নি।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যযীফ। আবু সাঈদ ইবনু আমর বিন বনী উমাইয়া মাজহুল (অজ্ঞাত পরিচয়) ও আবী বাকর ইবনু আবী মারিয়াম যযীফ।

তাখরীজ : সাঈদ ইবনু মানসূর ২২৮।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83446>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন